# ই-অকশান সিস্টেম

স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে

নিলাম দরপত্র বিজ্ঞপ্তির বিবরণ

নিলাম পরিচিতি নং-২৫৩

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ |
| ২ | কোম্পানি | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি |
| ৩ | নিলামকারী দপ্তরের নাম | Southwest Transmission Grid Expansion Project |
| ৪ | নিলামকারী দপ্তরের জেলা | Dhaka |
| ৫ | নিলামের নাম | দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ প্রকল্প এর প্যাকেজ ০৭ এর আওতায় ১) ঈশ্বরদী ভেড়ামারা ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন, ২) ঈশ্বরদী নাটোর ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন, ৩)মহাস্থানগড় পলাশবাড়ি ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন রিকন্ডাক্টরিং এর সময়ে লাইন হতে উদ্ধারতব্য পাওয়ার গ্রিডের ব্যবহার অযোগ্য ও অপ্রয়োজনীয় পুরাতন কন্ডাক্টর (AAAC804MCM, AAAC636 MCM), ফিটিংস মালামাল, খালি কন্ডাক্টর ড্রাম ইত্যাদি (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় (লট-১)। |
| ৬ | বিজ্ঞপ্তি সূত্র নং: | ২৭.২১.০০০০.৪১৭.৪৪.০০১.২৪.৪২৩ |
| ৭ | বিজ্ঞপ্তির তারিখঃ | ০১/১২/২০২৪ ইং |
| ৮ | শিডিউল গ্রহন শুরুর সময়ঃ | ০১-১২-২০২৪ ১২:০০ দুপুর |
| ৯ | শিডিউল জমাদানের শেষ সময়ঃ | ২৪-১২-২০২৪ ০১:০০ দুপুর |
| ১০ | ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূলকপি জমাদানের শেষ সময়ঃ | ২৪-১২-২০২৪ ০২:০০ দুপুর |
| ১১ | শিডিউল খোলার সময়ঃ | ২৪-১২-২০২৪ ০৩:০০ দুপুর |
| দরদাতার জন্য প্রয়োজনীয় তথ্য ও শর্ত সমূহ | | |
| ১২ | দরদাতার যোগ্যতা | ক. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের নগদ অর্থ/ ঋণ সুবিধার ন্যূনতম পরিমাণ হতে হবে ১৪০,০০০,০০০ /- টাকা মাত্র।<br>খ. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ, ভ্যাট নিবন্ধন সনদপত্র থাকতে হবে। |
| ১৩ | দরপত্র/শিডিউলের মূল্য | ৮,০০০ /- টাকা মাত্র (অফেরতযোগ্য) শিডিউলের মূল্য বাবদ বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর সমূহে ২৪-১২-২০২৪ ০২:০০ দুপুর এর পূর্বে পৌছাতে হবে। |

| | | |
|---|---|---|
| ১৪ | দরপত্র/নিলামের জামানত | উদ্ধৃত মূল্যের নুন্যতম ১৫ %(ফেরতযোগ্য) জামানত বাবদ বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর সমূহে ২৪-১২-২০২৪ ০২:০০ দুপুর এর পূর্বে পৌছাতে হবে। |
| ১৫ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম | মোঃ মামুন হাসান |
| ১৬ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী | Project Director |
| ১৭ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা | Southwest Transmission Grid Expansion Project<br>Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 |
| ১৮ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ফোন নম্বর | ০১৭৩০৭৮৩৩৩৫ |
| ১৯ | মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমাদানের দপ্তরসমূহঃ | ক. দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ প্রকল্প, লেভেল-১৪, গ্রিড ভবন, এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২<br>খ. প্রধান প্রকৌশলী, প্রকল্প মনিটোরিং এর দপ্তর, লেভেল-১১, গ্রিড ভবন, এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২<br>গ. |
| ২০ | নিলামে অংশগ্রহণকারীর ধরণঃ | প্রতিষ্ঠান |

শর্তাবলী

| | |
|---|---|
| ১ | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক সঞ্চালন লাইনের দৈর্ঘ্য (সার্কিট কিঃমিঃ) উল্লেখ পূর্বক লট ভিত্তিক দর প্রস্তাব আহ্বান করা হয়েছে। নিলাম গ্রহীতা সঞ্চালন লাইনের দৈর্ঘ্য পরিমাপ/পরীক্ষা করতে পারবে। পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক লাইনের দৈর্ঘ্য পুনঃপরিমাপ করা হবে না। |
| ২ | রিকন্ডাক্টরিং কাজের ঠিকাদার কর্তৃক উদ্ধার/অবমুক্ত করার পর সঞ্চালন লাইনের বিভিন্ন স্থান/ঠিকাদারের সাইট স্টোর হতে নিলাম গ্রহীতাকে কন্ডাক্টর সংগ্রহ করতে হবে। উদ্ধারকারী প্রতিষ্ঠান, নিলামকারী প্রতিষ্ঠান এবং নিলাম গ্রহীতার উপস্থিতিতে ডেলিভারি সম্পন্ন হবে। কোন কারণে নিলামকারী ও নিলাম গ্রহীতার প্রতিনিধি উপস্থিত থাকতে ব্যর্থ হলেও উদ্ধার/অবমুক্ত করার কাজ চলমান থাকবে। |
| ৩ | কন্ডাক্টর উদ্ধার/অবমুক্ত করার সময় নিলাম গ্রহণকারী নিজ দায়িত্বে মনিটর করতে পারবে। উদ্ধার/অবমুক্ত করার পর সাইটে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কন্ডাক্টরের দৈর্ঘ্য পরিমাপ করবে না। পুরাতন তার উদ্ধার/অবমুক্ত এর পূর্বে সম্পূর্ণ কন্ডাক্টর লট হিসেবে হস্তান্তর করা হবে। উল্লেখ্য নিলামকৃত মালামাল গ্রহণকালীন সময়ে কোন প্রকার খরচ ও দুর্ঘটনার জন্য পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃপক্ষ দায়ি থাকবে না। |
| ৪ | উদ্ধার করার পর ফিটিংস ও কন্ডাক্টরের পরিমাণ কম/বেশি হলেও নিলাম গ্রহীতাকে লট ভিত্তিক গ্রহণ করতে হবে। পরিমাণ কম হলে নিলাম গ্রহীতা মূল্য ফেরতের জন্য দাবী করতে পারবে না, অর্থাৎ মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় গ্রহণ করতে হবে। |
| ৫ | দরদাতাগণ পাওয়ার গ্রিডের অব্যবহৃত মালামাল অকেজো ঘোষণা ও নিলাম নীতিমালা ২০২১, বিধি-বিধান/PPA-2006 এবং PPR-2008 এর শর্তাবলী মানতে বাধ্য থাকবেন। |
| ৬ | লাভজনক নয় এমন কোন মালামাল অপসারণ না করে সাইটে ফেলে রেখে চলে যাওয়া গ্রহণযোগ্য হবে না। অন্যথায় পাওয়ার গ্রিড/টার্ন-কি ঠিকাদার প্রযোজ্য হারে ক্ষতিপূরণ দাবী করতে পারবে। |

| | |
|---|---|
| ৭ | রিকন্ডাক্টরিং কাজের ঠিকাদার কর্তৃক উদ্ধার/অবমুক্ত এবং দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ প্রকল্পের প্যাকেজ ৭ কাজের আওতায় নিলামকৃত সঞ্চালন লাইনের বিভিন্ন স্থান/ঠিকাদারের সাইট স্টোর হতে নিলাম গ্রহীতাকে নিলামকৃত মালামাল সংগ্রহ করতে হবে। অনিবার্য কারণে মালামাল উদ্ধার/অবমুক্ত করার সময় পরিবর্তিত হলে সেক্ষেত্রে নিলাম গ্রহীতা কোন ক্ষতিপূরণ দাবী করতে পারবে না। |
| ৮ | নিলাম সংক্রান্ত বিষয়ে জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭১৭৭১০৭৪৬ (উপ সহকারী প্রকৌশলী) ও ০১৭০৯৯৯৭৮২৫ (উপ বিভাগীয় প্রকৌশলী ) নাম্বারে যোগাযোগ করা যেতে পারে। |
| ৯ | এটি একটি অনলাইন ভিত্তিক নিলাম প্রক্রিয়া। নিলামে আগ্রহী দরদাতাগন https://auction.powergrid.gov.bd সাইটের মাধ্যমে নিলামে অংশগ্রহন করতে পারবেন। সকল আগ্রহী দরদাতাকে অবশ্যই পাওয়ার গ্রিড এর ই-অকশন সিস্টেমে নিবন্ধিত হতে হবে। শুধুমাত্র নিবন্ধিত দরদাতাগণ নিলামে অংশগ্রহণ করতে পারবেন। |
| ১০ | নিবন্ধন, লগ ইন, প্রোফাইল আপডেট, মোবাইল নম্বর ভেরিফিকেশন, নিলামে অংশগ্রহন প্রক্রিয়া সম্পর্কে জানতে ব্যবহার নির্দেশনা লিংক ভিজিট করুন। |
| ১১ | দরপত্রে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র ও ভ্যাট নিবন্ধন সনদপত্র এর স্ক্যানড কপি (পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। |
| ১২ | কোন নিলামের দরপত্র দাখিলের পূর্বে দরপত্র আহ্বানকারীর সাথে যোগাযোগ করে দরপত্রে উল্লেখিত মালামাল যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় সরেজমিনে পরিদর্শন করা যাবে। দরপত্র দাখিল করলে সরেজমিনে দরপত্রে উল্লেখিত মালামাল পরিদর্শন করা হয়েছে মর্মে প্রতীয়মান হবে। |
| ১৩ | পাওয়ার গ্রিড এর ই-অকশন সিস্টেমের মাধ্যমে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। |
| ১৪ | আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্যও হবে না। |
| ১৫ | শর্তাধীন/শর্তযুক্ত (Conditional) নিলামের দর গ্রহণযোগ্য হবে না। |
| ১৬ | দর প্রদানের সময় ভ্যাট/ট্যাক্স ব্যাতিরেকে দর/মুল্য উদ্ধৃত করতে হবে। তবে বিজয়ী দরদাতা চূড়ান্ত পর্যায়ে তার উদ্ধৃত মুল্য পরিশোধের সময় উদ্ধৃত মুল্যের উপর বিধি মোতাবেক ধার্য্যকৃত ভ্যাট/ট্যাক্স প্রদান করতে বাধ্য থাকবেন। |
| ১৭ | ই-অকশন সিস্টেমে দরপত্র দাখিল করার সময় দরপত্রের মুল্য ও উদ্ধৃত মূল্যের জামানাত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে জমা দিতে হবে। |
| ১৮ | নিলাম বিষয়ক যে কোন তথ্যের জন্য নিলামকারী দপ্তরে এবং কারিগরি সহায়তার জন্য Office hour (9am-4pm) এ 02226600936, 02226600937, 02226600938, 02226600939 (পিএবিএক্স-342,343)-এ যোগাযোগ করতে পারবেন । |
| ১৯ | ই-অকশন সিস্টেমে নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে কোন নিলাম দরপত্র দাখিল করা যাবে না। |
| ২০ | ই-অকশন সিস্টেম ব্যবহার করে দর প্রদানকালে কোন ধরনের কারিগরি ত্রুটি (Internet Connection,স্ক্যানিং বা আপলোড এর সমস্যা ইত্যাদি)-র জন্য যথা সময়ে bid করতে না পারার জন্য, অথবা corrupted বা virus infected file বা file upload/download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ২১ | মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তরে/দপ্তর সমূহের যে কোন একটি দপ্তরে "২৪-১২-২০২৪ ০২:০০ দুপুর " এর পূর্বে পৌছাতে হবে। |
| ২২ | দরপত্র প্রস্তাবের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের সময় হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবত থাকবে। |
| ২৩ | নিলামকৃত মালামালের বিপরীতে কোন Warranty প্রযোজ্য হবে না। |
| ২৪ | কার্যাদেশ/বিক্রয়াদেশ প্রদানের পূর্বে অকৃতকার্য দরদাতাগণকে তাদের সিকিউরিটি মানি(জামানত) অবমুক্ত করা হবে না। |

| | |
|---|---|
| ২৫ | দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি-কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক(Partial), জাল(Forged) বা নকল(Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে অনলাইনে জমাকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ২৬ | সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতা (Technically Responsive Highest Bidder) এর অনুকূলে "বিক্রয় আদেশ" প্রদান করা হবে। |
| ২৭ | যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ২৮ | বিক্রয় আদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বিজয়ী দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের বিপরীতে পূর্বে জামানত বাবদ প্রদত্ত অর্থ ব্যতিরেকে উদ্ধৃত মুল্যের অবশিষ্ট টাকা এবং উদ্ধৃত মুল্যের উপর বিধি মোতাবেক ধার্য্যকৃত ভ্যাট/ট্যাক্স বাবদ অর্থ বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে আহ্বানকারীর নিকট জমা দিতে হবে। উক্ত সময়সীমার মধ্যে উল্লেখিত প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশটি বাতিল বলে গন্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার দরপত্র এবং নিলামের জামানত বাজেয়াপ্ত(Forfeit) করা হবে। |
| ২৯ | সমূদয় অর্থ জমাদানের পর পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ কর্তৃক ডেলিভারী অর্ডার ইস্যু করার ১৫ দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে পাওয়ার গ্রিড কর্তৃক গঠিত ডেলিভারী কমিটির উপস্থিতিতে তাদের ছাড়পত্র অনুযায়ী দরপত্রে উল্লেখিত মালামাল নিজ দায়িত্বে ও নিজ খরচে গ্রহণ করতে হবে। পরবর্তীতে দরপত্রে উল্লেখিত মালামালের যে কোন প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ৩০ | পাওয়ার গ্রিড কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে। |
| ৩১ | দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তনের সকল ক্ষমতা দরপত্র আহ্বানকারী সংরক্ষন করেন। |
| ৩২ | শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। |

ই-অকশন সিস্টেমের মাধ্যমে এই নিলামে অংশগ্রহণ করতে ই-অকশন সিস্টেম -এ লগইন করুন